বিস্ফোরক পরিদপ্তর

ফরম ঘ

[গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৩৫(৫) (খ) দ্রষ্টব্য]

www.explosives.gov.bd

গ্যাসাধারের গ্যাস মজুদের জন্য লাইসেন্স

লাইসেন্স নং: **140-2(ঘ)-0092** ফি : **৪,০০০/- টাকা**

এতদ্দ্বারা *লিন্ডে বাংলাদেশ লিমিটেড, ২৮৫, তেজগাঁও শিল্পএলাকা, ঢাকা-১২০৭* কে, Explosives Act, ১৮৮৪ এবং তদধীন প্রনীত গ্যাসাধার বিধিমালা,১৯৯৫ এর বিধানাবলী এবং এই লাইসেন্সের নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে, এতদসংযুক্ত নকসায় প্রদর্শিত ও নিম্নবর্নিত প্রাঙ্গনে ৫০৫০ লিটার তরল আর্গন গ্যাস মজুদের জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

লাইসেন্সকৃত প্রাঙ্গনের অবস্থান ও বর্ননা

লাইসেন্সকৃত প্রাঙ্গণটি চট্টগ্রাম জেলার কেইপিজেড থানাধীন উত্তর পতেঙ্গাস্থ কেইপিজেড এ অবস্থিত ''টাইডেন্ট সাইকেল কোম্পানী লিমিটেড'' এর ফ্যাক্টরী প্রাঙ্গণে স্থাপিত ০১টি গ্যাসাধারে তরল আর্গণ গ্যাস মজুদের জন্য গ্যাসাধারটি স্থাপিত; যাহা এতদ্বসংযুক্ত অনুমোদিত নকশায় দেখানো আছে।

আবেদন নং- ১১৫২১১
তারিখঃ ১১-০১-২০১৭ খ্রিঃ

লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ
মোঃ সামসুল আলম
পক্ষে, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

প্রত্যয়নপত্র

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, এতদ্বারা লাইসেন্সকৃত প্রাঙ্গণটি ..... তারিখে জনাব ..... কর্তৃক পরিদর্শন করা হইয়াছে, যিনি প্রাঙ্গণটি অনুমোদিত নকশা অনুসারে এবং গ্যাসাধার (Pressure vessel) বিধিমালা, ১৯৯৫ এর বিধান মোতাবেক প্রতিপালিত হইয়াছে মর্মে প্রত্যয়ন করিয়াছেন।

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

নবায়নের তারিখ	মেয়াদ উত্তীর্ণের তারিখ	লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর
২৭-০১-২০১৯	৩১-১২-২০২৪	**রিফাত-ই-আশরাফ** **সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা**

শর্তাবলী

১। গ্যাস মজুদ ও বিতরণ এবং তৎসংশ্লিষ্ট কাজ ব্যতীত অন্য কোন কাজে লাইসেন্সকৃত প্রাঙ্গন ব্যবহার করা যাইবে না।

২। প্রধান বিস্ফোরক পরিদর্শকের লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত গ্যাসাধারের অবস্থানের কোন পরিবর্তন অথবা গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৮ অনুসরন ব্যতীত কোন গ্যাসাধার মেরামত করা যাইবে না।

৩। গ্যাস ভর্তি বা খালাসের সময় পরিবহনের জন্য ব্যবহৃত স্থলযান পার্কিং এর জন্য একটি শক্ত জায়গা ব্যবহার করিতে হইবে যাহার মধ্যস্থল হইতে মজুদের জন্য ব্যবহৃত গ্যাসাধারের দুরত্ব হইবে অন্ততঃ ৯ মিটার।

৪। গ্যাস স্থানান্তরের সময় প্রজ্বলনীয় বাষ্পে আগুন ধরাইতে সক্ষম এমন কোন আলো বা অগ্নিস্ফুলিঙ্গ পরিবহন যান বা মজুদের জন্য ব্যবহৃত গ্যাসাধারের ৯(নয়) মিটারের মধ্যে আনা বা রাখা যাইবে না।

৫। নিচ্ছিদ্র সাউন্ড পাইপের মাধ্যমে গ্যাসাধারে গ্যাস প্রবিষ্ট করাইতে হইবে।

৬। সূর্যাস্ত হইতে সূর্যোদয়ের মধ্যে গ্যাসাধারে গ্যাস ভর্তি করা যাইবে না, তবে প্রধান বিস্ফোরক পরিদর্শক এই লাইসেন্সে কোন শর্ত যোগ করিয়া তাহা অনুমোদন করিলে উক্ত শর্ত সাপেক্ষে উক্ত সময়ের মধ্যে গ্যাস ভর্তি বা খালাস করা যাইবে।

৭। অনুমোদিত নকশাতে উল্লিখিত স্থান বা পন্থা ব্যতীত অন্য কোনভাবে গ্যাসাধার হইতে কোন গ্যাস অপসারণ করা যাইবে না।

৮। প্রয়োজনীয় পাইপ, ভাল্ব এবং অনুমোদিত বৈদ্যুতিক বাতিসমুহ ব্যতীত লাইসেন্সকৃত প্রাঙ্গন সব সময় পরিষ্কার রাখিতে হইবে এবং উহাতে অন্য কোন জিনিস স্থাপন করা বা রাখা যাইবে না।

৯। লাইসেন্সকৃত প্রাঙ্গনে পর্যাপ্ত এবং উপযোগী অগ্নি নির্বাপন যন্ত্র সুবিধাজনক স্থানে সর্বদা প্রস্তুত রাখিতে হইবে যাহাতে অগ্নিকান্ডের সময় তাৎক্ষনিকভাবে উহা ব্যবহার করা যায়।

১০। প্রাঙ্গনে অবস্থিত সকল ভাল্ব খোলা ও বন্ধকরনের দিক নির্দেশক তীর চিহ্ন সুস্পষ্টভাবে ভাল্বের গায়ে অংকিত থাকিবে।

১১। প্রাঙ্গনের নিরাপত্তার প্রয়োজনে প্রধান বিস্ফোরক পরিদর্শক বা কোন বিস্ফোরক পরিদর্শক কোন কিছু মেরামত বা অন্য কোন ব্যবস্থা অবলম্বনের জন্য লিখিতভাবে নির্দেশ দিলে লাইসেন্সধারীর নির্দেশে উল্লিখিত সময়, যাহা পনের দিনের কম হইবে না, এর মধ্যে উক্ত নির্দেশ পালন করিবেন।

১২। উপরোক্ত বিধিমালার বিধি ৪৬ এ উল্লিখিত যে কোন কর্মকর্তাকে লাইসেন্সকৃত প্রাঙ্গনে সকল যুক্তিসংগত সময়ে প্রবেশ ও পরিদর্শন করিতে দিতে হইবে এবং উক্ত বিধিমালার বিধানাবলী ও লাইসেন্সের শর্তাবলী যথাযথভাবে পালন করা হইয়াছে বা হইতেছে কি না তাহা নিরুপনের জন্য উক্ত কর্মকর্তাকে সকল প্রকার সহযোগীতা প্রদান করিতে হইবে।

১৩। লাইসেন্সকৃত প্রাঙ্গনে সংঘটিত কোন দূর্ঘটনা অগ্নিকান্ড অথবা বিস্ফোরনের ফলে কোন ব্যক্তি নিহত বা আহত হইলে অথবা কাহারও কোন সম্পদের ক্ষতি হইলে উক্ত প্রাঙ্গনের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি নিকটতম থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাকে এবং প্রধান বিস্ফোরক পরিদর্শককে অবিলম্বে এবং সম্ভাব্য দ্রুততম পন্থায় উক্ত সংবাদ অবহিত করিবেন।

১৪। প্রতিটি লাইসেন্সকৃত প্রাঙ্গণে লাইসেন্সধারীর নাম ও লাইসেন্স নম্বর সহজে দৃশ্যমান স্থানে সাইনবোর্ডে লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে।

১৫। বিধি ৪৭ এর বিধান অনুসরণের উদ্দেশ্যে প্রধান পরিদর্শক এবং সংশ্লিষ্ট অঞ্চলের বিস্ফোরক পরিদর্শকের টেলিফোন নম্বরসহ দপ্তরের পূর্ণ ঠিকানা লাইসেন্সকৃত মজুদাগার, প্রাঙ্গণ, স্থাপনা ও পরিবহণ যানে লিপিবদ্ধ করিতে হইবে।

কারিগরি সহযোগিতায়ঃ স্পেকট্রাম আইটি সলিউশনস লিঃ